

পি ডব্লিউ ডি রিটায়ার্ড ইঞ্জিনিয়ার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন

PREWA কল্যাণ তহবিল নীতিমালা-২০১৯

PREWA এর ০৮/০২/২০১৯ তারিখ অনুষ্ঠিত সাধারণ সভায় PREWA এর গঠন তন্ত্রের Article 2.2(b) এর আলোকে PREWA এর সদস্যদের প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে তহবিল গঠন ও তহবিলের অর্থ বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সংক্ষিপ্ত শিরোনাম :

- (ক) এই নীতিমালা “PREWA কল্যাণ তহবিল নীতিমালা -২০১৯” নামে অভিহিত হবে।
- (খ) ইহা ১লা জুলাই ২০১৯ সাল থেকে কার্যকর হবে।
- (গ) এই নীতিমালার ক্ষেত্রে ব্যবহৃত অন্য যে কোন বিষয়ে PREWA কল্যাণ তহবিল-২০১৯ ও প্রযোজ্য ক্ষেত্রে গঠনতন্ত্র মোতাবেক ব্যাখ্যায়িত হবে।

২। সংজ্ঞাঃ

এই নীতিমালার বিষয়বস্তু কিংবা নীতিমালা প্রসঙ্গে PREWA এর গঠনতন্ত্রের সঙ্গে সাংঘর্ষিক বা অন্যথা কিছু না থাকলেঃ-

- (ক) “এসোসিয়েশন” বলতে পিডব্লিউডি রিটায়ার্ড ইঞ্জিনিয়ার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন (PREWA) বুঝাবে।
- (খ) “সদস্য” বলতে PREWA এর সদস্য বুঝাবে।
- (গ) “কোষাধ্যক্ষ্য” বলতে PREWA এর কোষাধ্যক্ষ্য বুঝাবে।
- (ঘ) “সন্তান” বলতে সদস্যের নিজ সন্তান বুঝাবে।
- (ঙ) “পরিবার” বলতে অত্র এসোসিয়েশনের সদস্যের পরিবার বুঝাবে।
- (চ) “তহবিল” বলতে PREWA এর কল্যাণ তহবিল বুঝাবে।
- (ছ) “মঞ্জুরকারী কর্তৃপক্ষ” বলতে কল্যাণ তহবিল পরিচালনা কমিটি বুঝাবে।
- (জ) “বৎসর” বলতে পঞ্জিকা বৎসর বুঝাবে।
- (ঝ) “নির্বাহী কমিটি” বলতে PREWA এর নির্বাহী কমিটি বুঝাবে।

৩। তহবিল গঠন ও সংরক্ষণঃ

৩.১. তহবিল গঠনঃ-

- (ক) বাংলাদেশী টাকায় এই তহবিল সংরক্ষিত হবে।
- (খ) এসোসিয়েশনের সদস্যদের প্রদত্ত খোক অনুদান বা অর্থ- সহায়তা।
- (গ) জমাকৃত তহবিল এর সুদ/মুনাফা।
- (ঘ) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অন্য কোন খাত।

৩.২. তহবিল সংরক্ষণঃ

- (ক) তহবিলের টাকা নির্বাহী কমিটির অনুমোদিত সিডিউল ব্যাংক হিসাবে জমা রাখতে হবে যা “PREWA Benevolent Fund” হিসাবে পরিচিত হবে।
- (খ) তহবিল একাউন্ট যৌথভাবে এসোসিয়েশনের সভাপতি, জেনারেল সেক্রেটারী ও কোষাধ্যক্ষ্য এর মধ্যে নুন্যতম দুই জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
- (গ) তহবিল এর হিসাব রেজিস্ট্রার সমূহ কোষাধ্যক্ষ্য কর্তৃক লিপিবদ্ধ ও সংরক্ষিত হবে।
- (ঘ) কোষাধ্যক্ষ্য ত্রৈমাসিক আয়-ব্যয়ের বিবরণী তৈরী করবেন এবং তা তহবিল মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।
- (ঙ) হিসাব বই/রেজিস্ট্রার সমূহ ০৬ (ছয়) মাস অন্তর অন্তর এসোসিয়েশন কর্তৃক নিরীক্ষিত হতে হবে এবং তা তহবিল পরিচালনা কমিটির নিকট প্রেরণ করতে হবে।
- (চ) তহবিল পরিচালনা কমিটি প্রয়োজন মনে করলে একজন Independent Auditor নিয়োগ করে একাউন্ট হিসাব বই সমূহ নিরীক্ষা করতে পারবে।



৪। তহবিল পরিচালনা কমিটিঃ-

- (ক) এসোসিয়েশনের নির্বাহী কমিটি কর্তৃক ৫ সদস্য বিশিষ্ট “তহবিল পরিচালনা কমিটি” গঠিত হবে। কমিটির মধ্যে অন্ততঃ দুইজন নির্বাহী কমিটির সদস্য হতে হবে।
- (খ) এসোসিয়েশনের কোষাধ্যক্ষ্য পদাধিকার বলে “PREWA Benevolent Fund” কমিটির একজন সদস্য হিসাবে দায়িত্ব পালন করবেন।
- (গ) তহবিল পরিচালনা কমিটি বছরে অন্ততঃ চার (০৪) টি সভা করবে।

৫। তহবিল নীতিমালাঃ

তহবিল নীতিমালার কোন পরিবর্তন/ সংশোধন করার প্রয়োজন হলে তহবিল পরিচালনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব নির্বাহী কমিটির মতামত সহ এসোসিয়েশনের সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে এবং সাধারণ সভায় উপস্থিত সদস্যদের দুই তৃতীয়াংশ ভোটে উহা অনুমোদিত হতে হবে।

৬। তহবিল কার্যক্রমঃ


Benevolent Fund এর অর্থ PREWA এর অস্বচ্ছল সদস্যের চিকিৎসার জরুরী প্রয়োজনে ব্যয় করা হবে।

৭। সাধারণ এবং জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সহায়তা বাবদ অনুদান -

- (ক) একজন অস্বচ্ছল সদস্যকে প্রতি বছর একবার চিকিৎসা সহায়তা বাবদ সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা যেতে পারে।
- (খ) বছরের প্রারম্ভে PREWA Benevolent Fund যে টাকা গচ্ছিত থাকবে সেই বছর উক্ত Fund এর সর্বোচ্চ ২০% সাহায্য/অনুদান দেয়া যেতে পারে।

৮। অনুদানের শর্তাবলীঃ-

- (ক) কোন অনুদান অধিকার হিসাবে দাবী করা যাবে না।
- (খ) প্রকৃত তথ্য উপাত্তের ভিত্তিতে অনুদানের জন্য আবেদন করতে হবে।
- (গ) প্রদত্ত অনুদানের অব্যয়িত অর্থ এসোসিয়েশনের নিকট ফেরত দিতে হবে।
- (ঘ) কোন সদস্য নিজে দুর্ঘটনার শিকার হলে বিশেষ বিবেচনায় প্রকৃত ব্যয়ের অংশ যথাসম্ভব পরিপূরনের জন্য সংশ্লিষ্ট কমিটি বিবেচনা করবে।
- (ঙ) রোগ ও চিকিৎসার ব্যয়ের মূল প্রমাণ পত্রাদি সম্পর্কে স্বীকৃতি প্রাপ্ত চিকিৎসকের মতামত সহ সংশ্লিষ্ট কমিটির সুপারিশের ভিত্তিতে সকল চিকিৎসা সহায়তা অনুদান প্রদেয় হবে।
- (চ) বিশেষ ক্ষেত্র ব্যতিত কোন সদস্য বৎসরে এক (০১)বারের বেশী চিকিৎসা অনুদানের জন্য বিবেচিত হবেন না।
- (ছ) তিন মাসের অধিক পুরানো চিকিৎসা ব্যয়ের জন্য অনুদানের আবেদন বিবেচনা করা যাবে না।



চৈত্র
১৬/৩/২০১৭





